গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০০০.০৬৪.৭০.০০০১.২৬.৩১১

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ।
২৩ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ।

# বিজ্ঞপ্তি

২০২৬-২০২৭ অর্থ বছরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রকল্প-প্রশিক্ষণ শাখার আওতাধীন কারিগরি ও ভাষা শিক্ষামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী প্রশিক্ষণার্থীগন নির্ধারিত তারিখের মধ্যে AVMIS App এ TRPMS এর মাধ্যমে রেজিষ্ট্রেশন অথবা AVJOBS Portal এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করে আবেদন করতে পারবেন।

## প্রশিক্ষণার্থীর যোগ্যতাঃ

| ক্রঃ নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণার্থীর যোগ্যতা | প্রশিক্ষণ শুরুর তারিখ | আবেদন/রেজিস্ট্রেশন শুরু ও শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১. | ওয়েল্ডিং ৬জি প্রশিক্ষণ<br>(আনসার/ভিডিপি-পুরুষ) | ১। আনসার/ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে তবে ২০২৫-২০২৬ অর্থ বছর হতে অদ্যাবধি আনসার/ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে আগ্রহী প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>২। নূন্যতম এইচএসসি পাস হতে হবে।<br>৩। বয়স: ১৮-৩০ বছর হতে হবে।<br>৪। পলিটেকনিক ইনস্টিটিউট হতে ডিপ্লোমাকৃতদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৫। বিদেশে চাকুরীর জন্য গমণ করতে ইচ্ছুক প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৬। বৈদেশিক ভাষা (আরবী, জাপানী, ইংরেজি, ও কোরিয়ান) শিখতে আগ্রহীদের অগ্রাধিকার দেয়া হবে। | ০৯-০৮-২০২৬ হতে | শুরু ২৩-০৭-২০২৬<br>শেষ ০২-০৮-২০২৬ |
| ২. | ডিজিটাল মার্কেটিং ফর ফ্রিল্যান্সিং<br>(আনসার/ভিডিপি-পুরুষ) | ১। আনসার/ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে তবে ২০২৫-২০২৬ অর্থ বছর হতে অদ্যাবধি আনসার/ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে আগ্রহী প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>২। নূন্যতম এসএসসি পাস হতে হবে তবে এইচএসসি পাস ও তদুর্ধ্বোদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৩। বয়স: ১৮-৩০ বছর হতে হবে।<br>৪। কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকলে তা অগ্রগন্য হবে। | ১৬-০৮-২০২৬ হতে | শুরু ২৩-০৭-২০২৬<br>শেষ ০৪-০৮-২০২৬ |
| ৩. | মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ<br>(আনসার/ভিডিপি-পুরুষ) | ১। আনসার/ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে তবে ২০২৫-২০২৬ অর্থ বছর হতে অদ্যাবধি আনসার/ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে আগ্রহী প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>২। নূন্যতম এসএসসি পাস হতে হবে তবে এইচএসসি পাস অগ্রাধিকার দেয়া হবে।<br>৩। বয়স: ২১-৩০ বছর হতে হবে। | ২৩-০৮-২০২৬ হতে | শুরু ২৩-০৭-২০২৬<br>শেষ ০৯-০৮-২০২৬ |
| ৪. | জাপানিজ ভাষা শিক্ষা প্রশিক্ষণ (N-5)<br>(আনসার/ভিডিপি-পুরুষ) | ১। অবশ্যই আনসার/ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে তবে ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে আগ্রহীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**২। শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম এইচএসসি (উচ্চ মাধ্যমিক) পাস (আনর্স ও মাস্টার্স অগ্রাধিকার)।<br>**৩। বয়সসীমা:** প্রার্থীদের বয়স ১৮-২৮ বছর।<br>**৪। শারীরিক যোগ্যতা:**<br>□ **শারীরিক সক্ষমতা:** বয়স্ক রোগীদের চলাফেরায় সহায়তা (উঠানো/স্থানান্তর) করার মতো শারীরিকভাবে সক্ষম হতে হবে।<br>□ **উচ্চতা:** জাপানি নার্সিং সরঞ্জাম সঠিকভাবে পরিচালনার জন্য আদর্শভাবে ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি।<br>□ **ওজন:** উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে (স্থূলতা গ্রহনযোগ্য নয়)।<br>□ শরীরে ট্যাটু, বড় অস্ত্রোপচারের দাগ, পোড়া দাগ বা ঝলসানো ক্ষত থাকলে অযোগ্য ধরা হবে।<br>**৫। স্বাস্থ্যগত শর্ত:**<br>□ কোমর ব্যথা বা দীর্ঘমেয়াদি জয়েন্ট/হাড়ের সমস্যার ইতিহাস থাকা যাবে না।<br>□ নাকে পলিপস থাকা চলবে না।<br>□ কানে কম শোনা বা কান পাকা (রক্ত/পুঁজ পড়া) চলবে না।<br>□ শরীরে কোনো চর্মরোগ (যেমন দাউদ, একজিমা, চুলকানি, শ্বেত রোগ, কুষ্ঠ রোগ ইত্যাদি) থাকা চলবে না।<br>□ কোনো ছোঁয়াচে রোগ থাকা চলবে না।<br>□ দুরারোগ্য বা মরণব্যাধি যেমন : এইডস, হেপাটাইটিস বি/সি, যক্ষা, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, কিডনি রোগ ইত্যাদি থাকা চলবে না।<br>**৬। চোখ ও দৃষ্টিশক্তি:**<br>□ কালার ব্লাইন্ডনেস (Color Blindness) থাকা চলবে না।<br>□ দৃষ্টিশক্তি স্বাভাবিক হতে হবে।<br>**৭। মানসিক ও কর্মদক্ষতা:**<br>□ কঠোর পরিশ্রমের কাজ করার মানসিক ও শারীরিক সক্ষমতা থাকতে হবে।<br>□ অন্তত একটানা তিন বছর জাপানে কাজ করার মানসিক প্রস্তুতি থাকতে হবে।<br>**৮। ব্যক্তিত্ব ও সফট স্কিল:**<br>□ **সহমর্মিতা:** ধৈর্যশীল হতে হবে এবং সেবামূলক ও যত্নশীল মানসিকতা থাকতে হবে।<br>□ **শৃঙ্খলাবোধ:** ব্যক্তিগত পরিচ্ছন্নতা, সময়ানুবর্তিতা এবং ভদ্র আচরণের উচ্চমান বজায় রাখতে হবে।<br>□ জাপানিজ সংস্কৃতি, মূল্যবোধ ও কর্মপরিবেশের সাথে নিজেকে মানিয়ে নিয়ে জাপানের চাহিদা অনুযায়ী কাজ করতে হবে।<br>**৯। ভাষাগত দক্ষতা:** মৌলিক ইংরেজি ভাষাজ্ঞান ও অংকের হিসাবজ্ঞান থাকতে হবে। | ০৬-০৯-২০২৬ হতে | শুরু ২৩-০৭-২০২৬<br>শেষ ২০-০৮-২০২৬ |

| প্রয়োজনীয় কাগজপত্রাদি (মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে) | প্রশিক্ষণ গ্রহণের সুবিধাদি |
|---|---|
| ১। আনসার/ভিডিপি প্রশিক্ষণের মূল সনদ। | ১। প্রশিক্ষণ চলাকালীন সরকারি খরচে থাকা এবং খাওয়ার সুব্যবস্থা। |
| ২। শিক্ষাগত যোগ্যতার মূল সনদ। | ২। প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করলে বিদেশে গমন এবং কর্মসংস্থানের সুযোগ থাকবে। |
| ৩। জাতীয় পরিচয় পত্রের (NID) মূল কপি। | ৩। প্রশিক্ষণ গ্রহণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সনদ প্রদান। |
| ৪। পাসপোর্ট সাইজের সদ্যতোলা (রঙ্গীন) ০৪ কপি ছবি। | ৪। আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক থেকে সহজ শর্তে ঋন প্রাপ্তির ব্যবস্থা। |

**মোঃ মইনুল ইসলাম,** বিএএম, পিএএম
বিএভি নং-১২০১৩০
পরিচালক (প্রকল্প-প্রশিক্ষণ)
মোবাইল নং-০১৩৩৫৩০০৭০০
ইমেইলঃprojecttraining28@gmail.com

CamScanner